রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, এপ্রিল ২৬, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(মূল্য সংযোজন কর)**

**বিশেষ আদেশ**

তারিখ: ০২ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/১৫ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক অপরিশোধিত ভোজ্য তেল (এইচ এস কোড হেডিং ১৫.০৭, ১৫.১১ ও ১৫.১৮) আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে ৫ শতাংশ আগাম কর (AT) অব্যাহতি প্রদান।**

**নং ০৯/মূসক/২০২৫**—যেহেতু, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস. আর. ও নং ১৫১-আইন/২০২১/১৪৮-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিঃ এর অনুচ্ছেদ-১ এর উপ-অনুচ্ছেদ (৩০) এর মাধ্যমে কোনো নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক Heading 15.07, Heading 15.11 এবং Heading 15.18 এর আওতায় আমদানিকৃত অপরিশোধিত সয়াবিন তেল ও অপরিশোধিত পাম তেল এর উপর আরোপণীয় আগাম কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে; এবং

যেহেতু, আমদানি নীতি আদেশ ২০২১–২০২৪ এর অনুচ্ছেদ-২০ এর উপ-অনুচ্ছেদ (২১) অনুযায়ী কোনো বাণিজ্যিক আমদানিকারক কোনো রিফাইনারির সহিত চুক্তিবদ্ধ থাকলে বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমোদনক্রমে চুক্তিতে বর্ণিত পরিমাণ অপরিশোধিত সয়াবিন তেল ও অপরিশোধিত পাম তেল আমদানি করতে পারবে মর্মে উল্লেখ রয়েছে এবং সেক্ষেত্রে উক্ত বাণিজ্যিক আমদানিকারক শিল্প প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হবে মর্মেও উল্লেখ রয়েছে;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিবন্ধিত বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক কোনো রিফাইনারির সহিত চুক্তিবদ্ধ থাকা সাপেক্ষে Heading 15.07, Heading 15.11 এবং Heading 15.18 এর আওতায় আমদানিকৃত অপরিশোধিত সয়াবিন তেল ও অপরিশোধিত পাম তেল আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে ৫ শতাংশ আগাম কর (AT) হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো।

**শর্তাবলি:**

(ক) এই অব্যাহতি সুবিধা গ্রহণের পূর্বে বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে;

(খ) আমদানি নীতি আদেশ ২০২১–২০২৪ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য সকল শর্তাদি পরিপালন করতে হবে; এবং

(গ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোহাঃ মসিউর রহমান**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd